

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর  
জেশপ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, নেতাজী সুভাষ রোড  
কলকাতা - ৭০০ ০০১

নং :- ৪২৮০/পি.এন./ও/১/৩সি-৪/৯৬ (অংশ-১)

তারিখ : ২১. ১০. ২০০৮

আদেশনামা

যেহেতু সংশোধনোত্তর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ১৬ক ধারার (২) উপধারা অনুযায়ী প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের এলাকাভুক্ত সকল গ্রাম সংসদে অর্ধ বাৎসরিক সাধারণ সভার অনুষ্ঠান সাধারণভাবে প্রতি বৎসর নভেম্বর মাসে অনুষ্ঠিত হওয়া আবশ্যিক;

এবং যেহেতু গ্রাম সংসদের সভা অনুষ্ঠানের প্রয়োজনীয়তা ও গুরুত্বের বিষয়ে কোন দ্বিমতের অবকাশ নেই;

অতএব, পূর্বোক্ত আইনের ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপাল এতদ্বারা নির্দেশ জারি করছেন যে ২০০৮ সালে অনুষ্ঠিতব্য গ্রাম সংসদের অর্ধ বাৎসরিক সভার অনুষ্ঠান চলতি বৎসরের ৩০শে নভেম্বর, ২০০৮ তারিখের মধ্যে রাজ্যের সকল গ্রাম পঞ্চায়েতে সম্পন্ন করতে হবে এবং ঐ সভায় সকল সদস্য তথা ভোটারদের অংশগ্রহণ সুনিশ্চিত করার জন্য গ্রাম পঞ্চায়েত ব্যাপকভাবে প্রচারকার্য চালাবে।

পূর্বোক্ত আইনের ঐ একই ধারা বলে রাজ্যপাল আরো নির্দেশ দিচ্ছেন যে নিম্নোক্ত বিষয়গুলি সম্বন্ধে বিশেষ আলোচনা ঐ সভায় স্থান পাবে :-

১. বিকেন্দ্রীকৃত উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অগ্রগতির পর্যালোচনা।
২. বিগত বছরের (গ্রাম পঞ্চায়েতের) স্বমূল্যায়নের ভিত্তিতে গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক উৎকর্ষ ও দক্ষতা বৃদ্ধি এবং সম্পদ সংগ্রহ ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত পর্যালোচনা।
৩. এন. আর. ই. জি. প্রকল্পের অগ্রগতি ও অদক্ষ শ্রমিকদের কাজের চাহিদা মেটানোর জন্য আগামী বছরের পরিকল্পনা।
৪. স্বনির্ভর দল গঠন ও গঠিত দলগুলির কার্যাবলী ও বিকাশের পর্যালোচনা।
৫. দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারদের তালিকা ও সেই অনুযায়ী ইন্দিরা গান্ধী জাতীয় বার্ষিক্য ভাতা প্রকল্পের উপভোক্তাদের চিহ্নিত করণ। সাম্প্রতিক নির্দেশ অনুযায়ী বি. পি. এন. তালিকাভুক্ত ৬৫ বছর বয়সী সকল বৃদ্ধ / বৃদ্ধা এই ভাতা পাবার যোগ্য।

৬. ইন্দিরা আবাস যোজনা (আই. এ. ওয়াই.) সম্পর্কিত প্রতিষ্ঠা তালিকার প্রস্তুতি ।
৭. আগামী বছরের (২০০৮-০৯) খসড়া বাজেট ও বাৎসরিক পরিকল্পনা ।
৮. কর / অ-কর অনাদায়ী ব্যক্তিদের তালিকা প্রকাশ ও কর আদায় নিয়ে আলোচনা ।
৯. গ্রাম সংসদ এলাকায় অবস্থিত শিশু শিক্ষা কেন্দ্রগুলির কার্যধারার পর্যালোচনা ।
১০. চলতি বছরের প্রথম ছয় মাসের আয়-ব্যয় সংক্রান্ত প্রতিবেদনের উপর আলোচনা ।
১১. বিগত বছরের বার্ষিক হিসাবের উপর অডিট রিপোর্ট নিয়ে আলোচনা ।
১২. সহায় প্রকল্পের উপভোক্তা চিহ্নিত করণ ।

রাজ্যপালের আদেশানুসারে,

(মানবেন্দ্রনাথ রায়)

প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং :- ৪২৮০/১(৯)/পি.এন./ও/১/৩সি-৪/৯৬ (অংশ- ১)

তারিখ : ২১. ১০. ২০০৮

আদেশনামার প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ভবন, কলকাতা-৭০০ ০০১ ।
  ২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া ।
  ৩. সভাপতি ..... জেলা পরিষদ ।
  ৪. জেলা শাসক ..... জেলা ।
  ৫. বিভাগীয় কমিশনার,..... ।
  ৬. মহকুমা শাসক ..... মহকুমা ।
  ৭. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক ..... জেলা ।
  ৮. ব্লক উন্নয়ন আধিকারিক ..... ব্লক
- আদেশনামার অনুলিপি সকল গ্রাম পঞ্চায়েতে বন্টনের জন্য অনুরোধ করা হচ্ছে ।
৯. ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব / রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব ।

(মধুমিতা রায়)

যুগ্মসচিব, পশ্চিমবঙ্গ সরকার

